

## MODEL QUESTION

Class-XI : HISTORY : Half-Yearly Exam. : 2022-23 : Marks - 80

### I. সঠিক উত্তরটি বাছাই কর :-

১×১০=১০

- ১। আসিরিয়া রাজ্যের প্রথম ভাষা ছিল –  
(ক) আরামাইক ভাষা (খ) সুমেরীয় ভাষা (গ) আক্কাদ ভাষা (ঘ) আসিরিয়ান ভাষা
- ২। পৃথিবীতে প্রথম নগরের বিকাশ হয়েছিল –  
(ক) সৌদি আরব (খ) ইরান (গ) মেসোপটেমিয়া (ঘ) ওমান
- ৩। উবুক শহরের রাজধানীর নাম ছিল –  
(ক) বাগদাদ (খ) উর (গ) কিশ্ (ঘ) ব্যাবিলন
- ৪। প্যাপাইরাস (Papyrus) ছিল –  
(ক) ওক গাছ (খ) এক ধরণের নলখাগড়া জাতীয় গাছ  
(গ) শাল গাছ (ঘ) শিমুল গাছ
- ৫। কনস্ট্যানটিনোপল-এর পূর্ব নাম ছিল –  
(ক) বাইজেনটিয়াম (খ) আফগানিস্তান (গ) আরব (ঘ) প্যালেস্টাইন
- ৬। রোমান সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন –  
(ক) অগাস্টাস (খ) ডাইওক্লিটিয়ান (গ) জাস্টিনিয়ান (ঘ) অ্যানাস্টাসিয়াস
- ৭। নবি মহম্মদ ছিলেন –  
(ক) একজন দার্শনিক (খ) ঐতিহাসিক (গ) খলিফা (ঘ) ইসলাম ধর্মের প্রবক্তা
- ৮। আবু বকর ছিলেন –  
(ক) প্রথম খলিফা (খ) দ্বিতীয় খলিফা (গ) তৃতীয় খলিফা (ঘ) চতুর্থ খলিফা
- ৯। 'নাইট' হিসাবে পরিচিত ছিল –  
(ক) অশ্বারোহী যোদ্ধা (খ) ভূস্বামী (গ) যাজক (ঘ) ভূমিদাস
- ১০। ফ্রান্সে কৃষক বিদ্রোহ শুরু হয় –  
(ক) ১৩৫৮ খ্রী. (খ) ১৩৮১ খ্রী. (গ) ১৩১৭ খ্রী. (ঘ) ১৩৫০ খ্রী.

### II. নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিটি একটি পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও :-

১×২০=২০

- ১১। মেসোপটেমিয়া কোথায় অবস্থিত ?
- ১২। মেসোপটেমিয়া সভ্যতার একটি গুরুত্বপূর্ণ কেন্দ্রের নাম কর।
- ১৩। 'Cruciform' কথাটির অর্থ কি ?
- ১৪। মারির বিখ্যাত শাসকের নাম কর।
- ১৫। সাম্প (Sump) বলতে কি বোঝায় ?
- ১৬। খ্রীষ্টীয় তৃতীয় শতকে রোমান সাম্রাজ্যের নাম কি ছিল ?
- ১৭। 'তা ছ'ইন' (Ta ch' in) কি ?
- ১৮। 'অ্যামকোরা' কি ?
- ১৯। কারা ইকুইটি নামে পরিচিত ?
- ২০। 'দিনরিয়াজ' কি ?

[ Contd...P/2 ]

- ২১। মক্কা কোথায় অবস্থিত ?  
 ২২। হিজরত বলতে কি বোঝ ?  
 ২৩। কবে ইসলাম ধর্মের প্রবর্তন হয় ?  
 ২৪। ইরানের প্রাচীন ধর্মের নাম কর ।  
 ২৫। পোপ কখন দ্বিতীয় ধর্মযুদ্ধের ডাক দেন ?  
 ২৬। মার্ক ব্লচ কে ছিলেন ?  
 ২৭। 'ফিউড' শব্দের অর্থ কি ?  
 ২৮। 'ম্যানর' কি ?  
 ২৯। সার্কদের কাজ কি ছিল ?  
 ৩০। কোন্ দিনটিতে যীশুর জন্মদিন পালন করা হত ?

**III. সংক্ষেপে উত্তর দাও :- [উর্ধ্ব শব্দসীমা ২০]** ২×৫=১০

- ৩১। স্বাধীন ব্যাবিলনের সর্বশেষ রাজা কে ছিলেন ? তার একটি সংস্কারমূলক কাজের উল্লেখ কর। ১+১  
 ৩২। কোন্ তিনটি মহাদেশে রোমান সাম্রাজ্য বিস্তৃত ছিল ?  
 ৩৩। খলিফা কারা ?  
 ৩৪। ক্রুসেড কি ?  
 ৩৫। 'গিল্ড' (Guild) বলতে কি বোঝায় ?

**IV. সংক্ষিপ্ত উত্তর দাও :- [উর্ধ্ব শব্দসীমা ৬০]** ৩×২=৬

- ৩৬। মেসোপটেমিয়া সভ্যতার সামাজিক শ্রেণীবিন্যাস কেমন ছিল ?  
 ৩৭। রোমান সেনাবাহিনীর তিনটি বৈশিষ্ট্যের উল্লেখ কর।

**V. উত্তর দাও :- [উর্ধ্ব শব্দসীমা আশি]** ৪×৬=২৪

- ৩৮। মানব সভ্যতার ইতিহাসে মেসোপটেমিয় সভ্যতার অবদান কতটুকু - আলোচনা কর।  
 ৩৯। অগাস্টাসের শাসনকালকে রোমের ইতিহাসে স্বর্ণযুগ বলা হয় কেন ?  
 ৪০। ইসলাম ধর্মের পাঁচটি স্তম্ভ কি ? আলোচনা কর।  
 ৪১। সাংস্কৃতিক জগতে আরবদের অবদান কি ছিল ?  
 ৪২। সামন্তপ্রথা সম্পর্কে সংক্ষেপে লেখ।  
 ৪৩। ইউরোপে ভূমিদাসদের অবস্থা কেমন ছিল ?

**VI. নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :- [উর্ধ্ব শব্দসীমা ১২০]** ৫×২=১০

- ৪৪। মেসোপটেমিয় সভ্যতার বৈশিষ্ট্যগুলি লিখ।

অথবা

রোমান সাম্রাজ্যের পতনের কারণ আলোচনা কর।

- ৪৫। ধর্মযুদ্ধের কারণগুলো সংক্ষেপে আলোচনা কর।

অথবা

উৎসমূলক প্রশ্নের উত্তর দাও :-

যীশুখ্রীষ্টের এক শ্রেণীর ভক্ত যারা শহর বা গ্রামে জনাকীর্ণ অঞ্চলে বসবাস না করে একটু নির্জন স্থানে বাস করতে ভালবাসতেন এবং নিভূতে ঈশ্বরের জন্য ভজনা করতেন, এদেরকে বলা হত সন্ন্যাসী। তারা যেই স্থানে বসবাস করতেন সেই স্থানকে বলা হত সন্ন্যাস আশ্রম। পুরুষ-মহিলা সকলেই সন্ন্যাস পালন করতে পারতেন। এরা আশ্রমে বাস করতেন। পুরোজীবন ঈশ্বর ভজনা, পড়াশোনা এবং স্বকর্ম সম্পাদন করতেন। কালক্রমে অনেক মনাস্টি বৃহদাকার ধারণ করে। বিশাল প্রাসাদ, সম্পত্তি, বিদ্যালয়, কলেজ, হাসপাতাল ইত্যাদিও এর সঙ্গে যুক্ত হয়। নিয়মিত প্রার্থনার পাশাপাশি মনাস্টিগুলিতে শৃঙ্খলা, নিয়মানুবর্তিতা, মর্যাদাবোধ ইত্যাদি শেখানো হত।

প্রশ্ন :

- |  |   |
|--|---|
| (ক) সন্ন্যাসী কাদের বলা হত ?                                 | ২ |
| (খ) সন্ন্যাসীদের বাসস্থানকে কি বলা হত ?                      | ১ |
| (গ) নিয়মিত প্রার্থনার পাশাপাশি মনাস্টিগুলিতে কি শেখানো হত ? | ২ |

---

## MODEL QUESTION

Class-XI : HISTORY : Annual Exam. : 2022-23 : Marks - 80

### I. সঠিক উত্তরটি বাছাই কর :-

১×১০=১০

- ১। মঞ্জোলিয়ারা চিনের সঙ্গে ব্যবসা-বাণিজ্যের জন্য যে পথ ব্যবহার করত, সেটি হল –  
(ক) জলপথ (খ) আকাশপথ (গ) সুরঙ্গপথ (ঘ) রেশমপথ
- ২। ইটালির রাজধানী ছিল –  
(ক) প্যারিস (খ) লন্ডন (গ) রোম (ঘ) বার্লিন
- ৩। ‘সূর্য স্থির, পৃথিবী তার চারদিকে আবর্তন করছে’ – এটি বলেছিলেন –  
(ক) আইজ্যাক নিউটন (খ) কোপার্নিকাস (গ) মার্টিন লুথার (ঘ) জন কেপলভিন
- ৪। ‘আমেরিকা’ নামকরণ করেন –  
(ক) ভাস্কো-ডা-গামা (খ) আমেরিগো ডেসপুচি (গ) জ্যাক কার্টিয়ার (ঘ) হেনরি
- ৫। সেটলার (Settler) বা উপনিবেশবাসী শব্দটি ব্যবহৃত হয়েছে দক্ষিণ আফ্রিকায় –  
(ক) ব্রিটিশদের (খ) ইউরোপীয়দের (গ) ডাচদের সম্পর্কে (ঘ) উপরের কোনটিই সঠিক নয়
- ৬। আমেরিকা স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি পায় –  
(ক) ১৭৬৩ খ্রিস্টাব্দে (খ) ১৭৭৪ খ্রিস্টাব্দে (গ) ১৭৮১ খ্রিস্টাব্দে (ঘ) ১৭৯১ খ্রিস্টাব্দে
- ৭। পৃথিবীর তৃতীয় দীর্ঘতম নদী হল –  
(ক) পীত নদী (খ) ইয়াংসি নদী (গ) পার্ল নদী (ঘ) উপরের কোনটিই নয়
- ৮। জাপানে আধুনিক ব্যাংক ব্যবস্থার সূচনা হয় –  
(ক) ১৮৭০ সালে (খ) ১৮৭১ সালে (গ) ১৮৭২ সালে (ঘ) ১৮৭৩ সালে
- ৯। পার্ল হারবার ছিল –  
(ক) জাপানে (খ) আমেরিকায় (গ) চিনে (ঘ) ফ্রান্সে
- ১০। আধুনিক চিনের প্রতিষ্ঠাতা ছিলেন –  
(ক) ইউয়ান সি কাই (খ) চাও সে সুং (গ) সান ইয়াং সেন (ঘ) মিন-চুই-সান

### III. একটি পূর্ণাঙ্গ বাক্য/শব্দে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :-

১×১৫=১৫

- ১১। কোন্ শব্দ থেকে ‘হিউমেনিটিস’ বা ‘মানবতাবাদ’ শব্দটি এসেছে ?
- ১২। কোন্ শতক থেকে ইউরোপে এক নতুন যুগের সূচনা হয়েছিল ?
- ১৩। ‘মোনালিসা’ চিত্রটি কে অঙ্কন করেছিলেন ?
- ১৪। কত খ্রিস্টাব্দে জার্মানির নাগরিক জোনানেস গুটেনবার্গ প্রথম ছাপাখানা প্রতিষ্ঠা করেন ?
- ১৫। ‘মাধ্যাকর্ষণ’ তত্ত্বের প্রবক্তা কে ছিলেন ?
- ১৬। কত খ্রিস্টাব্দে আমেরিকা যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়াতে সোনার সন্ধান পাওয়া যায় ?
- ১৭। ‘শিল্পবিপ্লব’ প্রথম কোথায় শুরু হয়েছিল ?
- ১৮। কত খ্রিস্টাব্দে আমেরিকায় ‘ইন্ডিয়ান রিঅর্গানাইজেশন অ্যাক্ট’ নামে একটি যুগান্তকারী আইন পাস হয় ?
- ১৯। ‘ক্যামবেরা’ শব্দের অর্থ কি ?
- ২০। সর্বমোট কয়টি রাষ্ট্রকে নিয়ে অস্ট্রেলিয়া ফেডারেশন প্রতিষ্ঠিত হয়েছিল ?
- ২১। ১৯৪৯ সালে চিনের গৃহযুদ্ধে কোন্ পার্টি বিজয়ী হয়েছিল ?

[ Contd...P/2 ]

- ২২। চিনের সবথেকে প্রভাবশালী জাতিগোষ্ঠীর নাম কী ?  
 ২৩। জাপান কোথা থেকে কাপড় এবং বিলাসী দ্রব্য আমদানি করত ?  
 ২৪। জাপানবাসীগণ সূর্যকে কিরূপ দেবতা হিসেবে গণ্য করত ?  
 ২৫। কত খ্রিস্টাব্দে গণপ্রজাতন্ত্রী চিনের প্রতিষ্ঠা হয়েছিল ?

**III. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :- (শব্দসীমা - ২০)**

২×৫=১০

- ২৬। 'রেনেসাঁসের' প্রথম প্রকাশ কোথায় ঘটেছিল ? কাকে ইটালির নবজাগরণের অগ্রদূত বলা হয় ?  
 ২৭। 'মানবতাবাদ' কি ?  
 ২৮। 'সাম্রাজ্যবাদ' বলতে কী বোঝ ? এর মুখ্য উদ্দেশ্য কী ছিল ?  
 ২৯। 'সামুরাই' কাদের বলা হত ? সামুরাইরা কোন্ ধরণের অস্ত্র ব্যবহার করতে পারত ?  
 ৩০। কাকে আধুনিক চিনের প্রতিষ্ঠাতা বলা হয় ? তিনি কত খ্রিস্টাব্দে মাঞ্চু সরকারকে উৎখাত করে চিনে প্রজাতন্ত্র প্রতিষ্ঠা করেন ?

**IV. নিচের প্রশ্নগুলির উত্তর দাও :- (শব্দসীমা - ৬০)**

৩×২=৬

- ৩১। 'রেনেসাঁস' বলতে কী বোঝ ? রেনেসাঁস যুগের একজন বিদূষী মহিলার নাম কর।  
 ৩২। কত খ্রিস্টাব্দে কোরিয়ার যুদ্ধ শুরু হয়েছিল ? এই যুদ্ধের তাৎপর্য কী ?

**V. ৮০টি শব্দের মধ্যে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :-**

৪×৬=২৪

- ৩৩। মানবতাবাদী ধারণার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।  
 ৩৪। কোন্ সময় থেকে ইউরোপে আধুনিক যুগের সূচনা হয় ? এক্ষেত্রে কোন্ কোন্ বিষয়গুলো প্রভাব ফেলেছিল ?  
 ৩৫। অস্ট্রেলিয়ার স্থানীয় অধিবাসীদের ইতিহাস কেন অবহেলিত ছিল ?  
 ৩৬। আমেরিকার দাসপ্রথার উদ্ভব ও উচ্ছেদ কীভাবে হয়েছিল ?  
 ৩৭। জাপানের অগ্রগতির সাথে সাথে সেখানকার প্রাত্যহিক জীবনযাত্রার কী রকম পরিবর্তন এসেছিল তা আলোচনা কর।  
 ৩৮। কত খ্রিস্টাব্দে প্রথম অফিমের যুদ্ধ সংগঠিত হয় ? এই যুদ্ধের তাৎপর্য কতটুকু ?

অথবা

রাষ্ট্রের সংহতিকরণে সেইজি সরকার কী কী পদক্ষেপ নিয়েছিল ?

**VI. ১২০টি শব্দের মধ্যে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :-**

৫×২=১০

- ৩৯। 'রেনেসাঁ' শব্দের অর্থ কী ? ইউরোপে রেনেসাঁসের প্রধান বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

অথবা

মানবতাবাদী ধ্যানধারণার উদ্ভব ও বিকাশে বিশ্ববিদ্যালয়গুলির অবদান আলোচনা করো।

- ৪০। মুক্তদ্বার নীতি বলতে কী বোঝ ? এর প্রবক্তা কে ?

অথবা

লং মার্চ কি ? এর গুরুত্ব কতটুকু ?

- ৪১। প্রদত্ত আমেরিকার মানচিত্রে ১-৫ চিহ্নিত স্থানগুলি সনাক্ত করো।

৫